

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, ঢাকা।

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশে বাণিজ্যিক সেবাখাতসমূহে (যথা- ফ্রেইট ফরওয়ার্ডার্স, লজিস্টিক সার্ভিস, শিপিং এজেন্সী, এয়ারলাইনের জিএসএ, ডিস্ট্রিবিউশন, ট্রাভেল এজেন্সী ইত্যাদি) নিরুৎসাহিত/রহিত করার জন্য বিদেশী ও ডায়েন্ট ভেঞ্চার কোম্পানীসমূহের এবং বিদেশী নাগরিকের রেজিস্ট্রেশন/লাইসেন্স/অনুমতি/ওয়ার্ক প্রদান না করার লক্ষ্যে বাংলাদেশ যুব অর্থনীতিবিদ ফোরামের প্রেসিডেন্ট মাননীয় হাইকোর্ট ডিভিশনে রীট পিটিশন নং-১২৩০৩/২০১২ দায়ের করলে মাননীয় হাইকোর্ট ডিভিশন ৩ (তিন) মাসের জন্য উপরে বর্ণিত ক্ষেত্রসমূহে কোন প্রকার লাইসেন্স প্রদান না করার আদেশ প্রদান করেন। মাননীয় হাইকোর্ট ডিভিশনের আদেশ পরিপালনার্থে ৩১-১২-২০১২ পর্যন্ত সময়ে এ দপ্তর থেকে উপরি-উক্ত ক্যাটাগরির লাইসেন্স প্রদান করা সম্ভব হবে না মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। মাননীয় হাইকোর্ট গত-১২-১২-১২ তারিখে উক্ত ক্যাটাগরির লাইসেন্স প্রদানে নিষেধাজ্ঞার মেয়াদ আরোও ৬ (ছয়) মাস সময় বর্ধিত করায় উক্ত আদেশ পরিপালনার্থে ৩০-০৬-২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে এ দপ্তর থেকে উপরি-উক্ত ক্যাটাগরির লাইসেন্স প্রদান বা লাইসেন্স প্রদানের আবেদন প্রক্রিয়াকরণ করা সম্ভব হবে না।

১/১১

(মোহাম্মদ লুৎফর রহমান)
এডিশনাল কমিশনার-২

ও

চেয়ারম্যান, লাইসেন্সিং কর্তৃপক্ষ
কাস্টম হাউস, ঢাকা।

নথি নং- ৫-(২০)১৫৬/বিবিধ/লাইঃ/৯৭
অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্যঃ-

তারিখ : ১৬-০১-২০১৩।

০১। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন, বাড়ী নং-৪৫/ই, রোড নং-১৩/সি বনানী, ঢাকা। আপনাকে/আপনাদেরকে সকল ফ্রেইট ফরওয়ার্ডার্সদেরকে এ বিষয়ক তথ্যে জানানোর অনুরোধ করা হলো।

সদয় অবগতির জন্যঃ-

- ০১। পি এ টু কমিশনার (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য) কাস্টম হাউস, ঢাকা।
০২। পি এ টি অতিরিক্ত কমিশনার (অতিরিক্ত কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য), কাস্টম হাউস, ঢাকা।
০৩। পি এ টু যুগ্ম কমিশনার (যুগ্ম কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য), কাস্টম হাউস, ঢাকা।

১৫.০১.১৩

(মোঃ জিয়াউর রহমান খান)
এসিস্টেন্ট কমিশনার

ও

সদস্য, লাইসেন্সিং কর্তৃপক্ষ
কাস্টম হাউস, ঢাকা।